# উट्डायम श्रापनी



2nd floors Rogen No-5 Bengali

यामा विदयकानम

# क्रेशहड बोखडीडे

# স্বামা বিবেকানন্দ



হতীয় সংস্কবণ

ध्यकानक—वानी बान्ययाधानन ध्रियायन कार्गानव अन्य ध्रियायन रमन, कमिकाका।

COPYRIGHTED BY THE PRESIDENT RAMAKRISHNA MATH Belur Math, Howrah.

2008

शिक्ष शिक्षिर अप्रार्कम शक्ष शिक्षिर अप्रार्कम २१वि, ८अ-क्षेष्ठे, क्रिकाका।

# ঈশদূত যীশুখ্ৰীষ্ঠ

( ১००० औहोरक कामिरमानिकात अन्तर्गक नम এश्विमाम समस वस्त्रका )

সমুদ্রে তরক উঠিল, আবাব উহা পড়িয়া গেল। আবার আব এক তবন্ধ উঠিল—হয়ত উহা প্রবাপেক্ষা প্রবলতর—আবার উহার পত্ন হইল—আবাব এইকপে উদ্রিল। এইকপে ভরজেব পর তবঙ্গ অ্থাসর হইয়া চলিয়াছে। সংসাবেব ঘটনাপ্রবাহের মধ্যেও আমরা এইরূপ উত্থান পত্রন দেখিয়া থাকি, আব সাধারণতঃ আমরা উত্থানটার দিকেই দৃষ্টি কবি—পতনটাব দিকে সচরাচর আমাদের দৃষ্টি আকৃষ্ট হয় না। কিন্দ সংসাবে এই উভয়েবই সার্থকতা আছে—উভয়ের কোনটিনই মূলা কম নহে। নিশ্বরক্ষাতেব বীতিই এই। কি চিম্ভাজগতে, কি আমাদের পারিবারিক জগতে, কি উত্থানপত্র চলিয়াছে। এই কাবণে ঘটনাপ্রবাহের মধ্যে উচ্চতম ব্যাপারগুলি— উদার আদর্শসমূহ সময়ে সমাজেব মধ্যে প্রবল তরঙ্গাকাব ধারণ করিয়া উভিতে হয় ও সাধারণের দৃষ্টি আকর্ষণ করে, আবার উহা ডুবিয়া যায়, লোকচকুর সন্মুথ হইতে অন্তর্হিত হয় — যেন ঐ অতীত অবস্থাব ভাবগুলিকে পবিপাক করিবার জন্ম. উহাদিগকে রোমম্বন করিবার জক্ত উহা কিছুকালের মত অদুশু হয়, যেন ঐ ভাবগুলিকে সমগ্র সমাজে খাপ থাওয়াইবার অন্ত, উহা-দিগকে সমাজের ভিতর ধরিয়া রাখিবার জন্ত, পুনরায় উঠিবার—

#### ঈশদূত যীওগ্রীষ্ট

পূর্বাপেকা প্রবলতর বেগে উঠিবার নিমিত্ত বলসঞ্চয়ের জন্ত কিছুকান উহা বিলুপ্তপ্রায় বোধ হয়।

বিভিন্ন জাতির ইতিহাস আলোচনা করিলেও চিরকালই এইরূপ উত্থানপতনেরই পরিচয় পাওয়া যায়। যে মহাত্মার—যে ঈশরাদেশ-বাহকের জীবনচরিত আমরা অত্য অপরাহে আলোচনার প্রাত্ত হইয়াছি, তিনিও স্বজাতির ইতিহাদের এমন এক যুগে আবিভূতি হইয়াছিলেন, যাহাকে আমরা নিশ্চিতই মহাপতনের যুগ বলিয়। নির্দেশ করিতে পারি। তাঁহার উপদেশ ও কার্য্যকলাপেব যে विकिश मामान विवद्भ लिभिवक আছে, তাহা হইতে আমুরা হানে স্থানে ইহার অল্পমাত্র আভাস প্রাপ্ত হই। বিক্ষিপ্ত সামান্ত বিবরণ ্বলিলাম—কারণ, তাঁহার সম্বন্ধে কথিত এই বাকা সম্পূর্ণ সত্য যে. তাঁহার সমুদয় উক্তি ও কার্যাকলাপের বিবরণ লিপিবদ্ধ করিতে পারিলে সমগ্র জগৎ তাহাতে পূর্ণ হইয়া যাইত। আর তাঁহার তিনবর্ষব্যাপী ধর্মপ্রচারকালের মধ্যে যেন কত যুগের ঘটনা, কত যুগের ব্যাপার একত্র সংঘটিত হইয়াছে—সেগুলিকে প্রকাশ করিতে এই উনবিংশতি শতাব্দী লাগিয়াছে, আর কে জানে, সেগুলি সম্পূর্ণরূপে ব্যক্ত হইতে আর কতদিন লাগিবে? আপনার আমার মত কুত্র মামুষ অতি ক্ষুদ্র শক্তির আধার মাত্র। কয়েক মুহূর্ত্ত, কয়েক ঘণ্টা, বড় জোর কয়েক বর্ষ আমাদের সমুদয় শক্তিবিকাপের পক্ষে—উহার সম্পূর্ণ প্রসারের পক্ষে—পর্যাপ্ত। তারপর আর আমাদের কিছু শক্তি অবশিষ্ট থাকে না। কিন্তু আমাদের আলোচ্য মহাশক্তিধর পুরুষের কথা একবার ভাবিয়া দেখুন। শত শত শতাদী, শত শত यूग ठिनम्ना (गन, किन्न जिनि जगरू ए मिकि मक्षांत कित्रमा (गर्नन,

#### ঈশদূত ধীশুগ্ৰীষ্ট

এথনও তাহার প্রসারকার্য্যের বিরাম নাই, এথনও উহা পূর্ণভাবে বান্বিত হয় নাই। যতই যুগের পর যুগপ্রবাহ চলিয়াছে, ততই উহাও নব বলে বলীয়ান হইতেছে।

जिंग्ला (मथून, यी <u>श्रीहित्र</u> कीवतन यांश (मिथिए भान, छांश তংপুর্ববন্তী সমুদয় প্রাচীন ভাবের সমষ্টিস্বরূপ। ধরিতে গেলে একভাবে সকল ব্যক্তির জীবন, সকল ব্যক্তির চরিত্রই অতীত ভাব-সমূহের ফলবরূপ। সমগ্র জাতীয় জীবনের এই অভীত ভাবসমূহ— বংশান্তক্রমিক সঞ্চরণ, পারিপার্শ্বিক অবস্থাসমূহ, শিক্ষা এবং নিজের পূর্ব্য পূর্বা জন্মের সংস্থার হইতে প্রভ্যেক ব্যক্তির ভিতর আসিয়া থাকে। স্তরাং একভাবে প্রত্যেক জীবাত্মার ভিতরই সমগ্র পৃথিবীর, সমগ্র ব্রহ্মাণ্ডের সমৃদয় অতীত সম্পত্তি রহিয়াছে বলিতে হটবে। আমরা বর্ত্তমান মুহুর্তে যেরূপ, তাহা দেই অনম্ভ অতীতের হন্তনির্দিত কার্যাম্বরূপ, ফলম্বরূপ বই আর কি? আমরা অনস্ত ঘটনা-প্রবাহে অনিবার্য্যরূপে পুরোভাগে অগ্রসর ও নিশ্চেষ্ট থাকিতে অসমর্থ ভাসমান কুদ্র কুদ্র তরঙ্গনিচয় ব্যতীত আর কি? প্রভেদ এই—আপনি আমি অতি কৃত্র বৃদ্ধু দম্বরণ মাত্র। কিন্ত জাগতিক ঘটনানিচয়রূপ মহাসমুদ্রে কতকগুলি প্রবল তরঙ্গ থাকেই। আপনাতে আমাতে জাতীয় জাবনের অতীত ভাব অতি অৱমাত্রই পরিস্ট হটরাছে; কিন্তু এমন অনেক শক্তিমান্ পুরুষও আছেন, বাহারা ক্ষেত্রার সমগ্র অতীতের সাকার বিগ্রহম্বরূপ ও ভবিশ্বতের দিকেও সদা প্রসারিতকর। সমগ্র মানবজাতি যে অনম্ভ উন্নতিপথে অগ্রসর হইয়া চলিয়াছে, ইহারা যেন সেই পথের পথনির্দেশক ক্তম্বরণ। বাস্তবিক ইহারা এত বড় যে, ইহাদের ছারার বেন

#### ঈশদৃত যীওগ্ৰীষ্ট

সমগ্র ব্রহ্মাণ্ডকে ঢাকিয়া ফেলে, আব ইহারা অনাদি অনস্তকাল অবিনাশিভাবে দণ্ডায়মান থাকেন। এই মহাপুরুষ যে বলিয়াছেন, "কোন ব্যক্তি ঈশ্বরতনয়েব ভিতব দিয়া ব্যতীত ঈশ্বরকে কথন দর্শন করে নাই", এ কথা অতি দত্য। ঈশ্বরতনয়ে ব্যতীত ঈশ্বরকে আমরা আর কোথায় দেখিব ? ইহা খুব সত্য যে, আপনাতে, আমাতে, আমাদের মধ্যে অতি দীন হীন ব্যক্তিতে পর্যন্ত ঈশ্বর বিভ্যমান, ঈশ্বরের প্রতিবিশ্ব আমাদের সকলের মধ্যেই বহিয়াছে। কিন্তু যেমন আলোকের পর্মাণুসকল সর্কব্যাপী—সর্কত্র স্পন্দনশাল হইলেও উহাদিগকে আমাদের দৃষ্টিপথে আনিতে হইলে প্রদীপ আলিবার প্রয়োজন হয়, তক্রপ সেই সমগ্র জগৎপ্রপঞ্চের সর্কব্যাপী ঈশ্বর— জগতের স্থমহান দীপাবলিম্বরপ এই সকল প্রত্যাদিষ্ট প্রক্ষে, এই সকল নরদেবে, ঈশ্ববের মূর্দ্বমান্ বিগ্রহম্বরূপ এই সকল অবতাবে প্রতিবিশ্বিত না হইলে আমাদের দৃষ্টিগোচর হইতে পারেন না।

আমরা সকলেই ঈশরের অক্তিত্বে বিশ্বাস কবি, কিন্তু আমবা তাঁহাকে দেখিতে পাই না, আমরা তাঁহার ভাব ধারণা কবিতে পাবি না। কিন্তু এই সকল মহান জ্ঞানজ্যোতিঃসম্পন্ন ভগবানের অগ্রদ্তগণের কোন একজনেব চারত্রেব সহিত আপনার ঈশরসম্বনীয় উচ্চতম ধারণার তুলনা করুন দেখি। দেখিবেন, আপনার করিত ঈশ্বব প্রত্যক্ষ জীবন্ত আদর্শ পুক্ষ হইতে অনেকাংশে হীনতর, অবতাবের, ঈশরাদিষ্ট পুরুষেব চবিত্র আপনার ধাবণা হইতে বহু বহু উর্দ্ধে অবস্থিত। আদর্শের সাকাববিগ্রহম্বরূপ এই সকল পুরুষ ঈশরকে সাক্ষাৎ উপলব্ধি করিয়া তাঁহাদেব মহজ্জীবনেব যে দৃষ্টান্ত আমাদের সমক্ষে ধরিয়াছেন, আপনাবা তাহা হইতে ঈশ্বরেব উচ্চতব

# ঈশদূত ধীতগ্ৰীষ্ট

धात्रभा कतिएक कथनरे ममर्थ रहेरवन ना। जारे यमि रव. তবে জিজ্ঞানা করি, এই সকল পুরুষকে ঈশর বলিয়া উপাসনা করা কি অক্সায় কার্য্য , এই নরদেবগণের চবণে পুষ্ঠিত হইয়া ভাঁহাদিগকে জগতের মধ্যে ঈশবের একমাত্র সাকার-বিগ্রহস্বরূপে উপাসনা করা কি পাপ? যদি ভাঁহারা প্রকৃত-পক্ষে আমাদের সর্কবিধ ঈশ্বরসম্বন্ধীয় ধারণা বা করনা হইতে উচ্চত্তব হন, তবে তাঁহাদিগকে উপাসনা করিতে দোষ কি? हेशए ए एप लोग नाहे, जोशं नहः, माकार स्थादात्र उभामना কেবল এই ভাবেই সম্ভবপর হইতে পারে। মাপনারা যতই (DE) करून ना-- भूनः भूनः अ**जा**रित द्वाराहे (DE) करून वा कृत श्हेरङ क्रमणः शक्तां< शक्तांङ्य विषयः भन निवाहे क्रहो कक्न, যতদিন আপনারা মানবজগতের মধ্যে নরদেহে অবস্থিত, ততদিন আপনাদের উপলব্ধ সমগ্র জগৎই নরজাবাপন্ন, আপনাদের ধর্মও মানবভাবে ভাবিত, আপনাদের ঈশরও নরভাবাপম। এরপ না হইশ্বাই যাইতে পারে না। কে এমন বাতুল আছে যে, প্রত্যক সাকাৎ উপলব্ধ বস্তুকে গ্ৰহণ করিয়া এমন বস্তুকে ত্যাগ না कत्रित, याशं (करन कन्ननाधाङ् ভাববিশেষ माज, याशंक मित्रिड ছু ইতে পারে না, এবং ছুল অবশন্ধনের সহারতা ব্যতীত যাহার নিকট অগ্রসর হওয়াই তুর্রহ? সেই কারণে এই সকল ঈশ্বরাবভার मकल यूर्श, मकल (मर्लेट शूक्टिंट रहेब्रास्ट्रिन।

আমরা একণে রাহুদীদিগের অবতার প্রীষ্টের জীবনচরিতের একটু আগটু আলোচনা করিব। আমি পূর্বে, একটি তরকের উত্থানের পর ও বিতীয় তরক উত্থানের পূর্বে তরকের বে পতনাবস্থার

# ঈশদৃত ধী শুখ্ৰীষ্ট

विषय উল্লেখ করিয়াছি, औष्टित समाकाल याह्मीप्रत भारे व्यवसा ছিল। উহাকে রক্ষণশীলতার অবস্থা বলিতে পারা যায়—ঐ অবস্থায় মানবাত্মা যেন চলিতে চলিতে কিছুকালের জন্ম ক্লান্ড হইয়া পড়িরাছে—দে এতদিন ধরিরা যাহা উপার্জন করিরাছে, তাহা রক্ষা করিতেই যেন ব্যগ্র! এ অবস্থায় জীবনেব দার্বভৌমিক ও মহান সমস্তাসমূহের দিকে নন না গিয়া খুটিনাটির দিকেই মনোযোগ অধিক থাকে; ঐ অবস্থায় যেন তরণী অগ্রসর না হইয়া নিশ্চলতায় অবস্থিত থাকে—উহাতে ক্রিয়াশীলতা অপেক্ষা অদৃষ্টে যাহা আছে ভাহাই হউক—এই ভাবে সহা করিয়া যাওয়ার ভাবই অধিক এটি লক্ষ্য করিবেন, আমি এই অবস্থাব নিন্দা করিতেছি না, আমাদের উহার উপব দোষারোপ করিবার কিছুমাত্র অধিকার নাই। কারণ, যদি এই পতনাবস্থা না ঘটিত, তবে নাজারেথবাসী ঘীশুতে যে পরবর্তী উত্থান সাকার মৃতি পরিগ্রহ করিয়াছিল, তাহা অসম্ভব হইত। ফাব্লিসি ও সাদিউসিগণ # হয়ত কপট ছিলেন, তাঁহারা এমন সকল বিষয় হয়ত করিতেন, যাহা তাঁহাদের করা উচিত ছিল না, হইতে পারে তাঁহারা ঘোর ধর্মধবজী ও ভণ্ড ছিলেন, কিন্তু তাঁহারা যেরপই থাকুন না কেন, যীভগ্রীষ্টরূপ कार्या वा यन উৎপन्न शहेवात्र भाष्य छाशाही वीक वा कात्रवस्त्रम। যে শক্তিবেগ একদিকে ফাব্লিসি ও সাদিউসিরূপে অভ্যুদিত

<sup>\*</sup> Pharisee—যীতথ্ৰীষ্টের অভ্যুদরের সমসামরিক রাহদীদের এক ধর্মসম্প্রদার

—ইহারা ধর্মের যথার্থ তন্ত অপেক্ষা বাহ্নবিধি অম্ঠানাদি পালনেই অধিক
আগ্রহ দেখাইছেদ। Sadducee—এ সম্বরের এক রাহদী সম্প্রদার—ইহারা
অভিজ্ঞাত-বংশীর ও সন্দেহ্বাদী ছিলেন।

# ঈশদূত ধী শুপ্রীষ্ট

হইরাছিল, তাহাই অপরদিকে মহামনীয়ী নাজারেথবাসী দীওরূপে প্রাকৃত্ হয়।

অনেক সময় আমরা বাহা ক্রিয়াকগাপাদির উপর—ধর্মের অত थू िनािंद्र छे भन्न नक्षत्रक शिमित्रा छेड़ारेब्रा मिरे वर्ट, किन्न छेशामन মধ্যেই ধর্মজীবনের শক্তি অন্তর্নিহিত। অনেক সময় আমরা অত্যগ্রসর হইতে যাইয়া ধর্মজীবনের শক্তি হারাইয়া ফেলি। দেখাও যায়, সাধারণতঃ উদার পুরুষগণ অপেকা গোড়াদের মনের তেজ নেশী। স্থতরাং গোড়াদের ভিতরও একটি মহৎ গুণ আছে— তাহাদের ভিতর যেন প্রবল শক্তিরাশি সংগৃহীত ও সঞ্চিত थात्क। वाक्किविष्णिशमश्यक रामन, ममश्र क्रांकि मश्रदक्ष उक्तभ— জাতির ভিতরেও এরপে শক্তি সংগৃহীত হইরা সঞ্চিত থাকে। চতুদ্দিকে বাহা শত্রুদারা পরিবেষ্টিত হইয়া—রোমকদিগের দারা বিতাড়িত হইয়া এক কেন্দ্রে সন্নিবন্ধ, এবং চিন্তাজগতে গ্রীক ভাবসমূহের দারা এবং পারস্ত, ভারত ও আলেক্জান্ত্রিয়া হইতে আগত ভাব-তরঙ্গরাঞ্জির দ্বারা এক নির্দিষ্ট গণ্ডীতে, এক নির্দিষ্ট কেন্দ্রে বিতাড়িত শক্তিসমূহের দারা পরিবেষ্টিত হইয়া এই য়াহ্নীজাতি স্বাভাবিক প্রবল रिङ्गिन मिक्करङ में अप्रमान ছिन—हेशरम् त वः मधत्र शेन व्यक्ति এहे শক্তি হারায় নাই। আর উক্ত জাতি তাহার সমগ্র শক্তি জেরজেলেম ও শাহদীর ধর্মের উপর কেন্দ্রীভূত করিতে বাধ্য হইয়াছিল। আর সকল শক্তিই একবার সঞ্চিত হুইলে যেমন অধিকক্ষণ একস্থানে থাকিতে পারে না—উহা চতুর্দিকে প্রসারিত হইয়া আপনাকে निः एष्य करत्र, हेशंत मत्रस्य छक्षभ धिवाहिम। भृषिवीरक धमन

# ঈশদূত যী শুগ্রীষ্ট

কোন শক্তি নাই, যাহাকে দীর্ঘকাল সঙ্গীর গণ্ডীর মধ্যে আবদ্ধ किवा वाथा यारेट भारत्। ऋष्य ভবিষ্যংযুগে প্রসারিত হইবে বলিয়া উহাকে অতি দীর্ঘকাল ধবিয়া একস্থানে সঙ্কৃচিত কবিয়া রাখিতে পারা যায় না। রাহদী জাতিব অভ্যন্তরে অবস্থিত এই সমষ্টিভূত শক্তি পরবর্ত্তী যুগে খ্রীষ্টধর্ম্মের অভ্যাদয়ে আত্মপ্রকাশ করিয়াছিল। বিভিন্ন প্রাদেশ হইতে কুদ্র কুদ্র আেত আসিয়া मिलिङ रहेक्का এकि कूल खाङकडी रुक्षन कित्ति। এই क्राप क्रमणः বহু কুদ্র স্রোত্থতীর দিখিলনে বিপুলকায়া তরকশালিনী মহানদের উৎপত্তি। ইহার প্রবদ তরকের শুল শীর্ষদেশে নাজারেথবাসী বীশু সমাসীন রহিয়াছেন। এইরপে সকল মহাপুরুষই তাঁহাদেব সম-সাময়িক অবস্থাচক্রের ফলম্বরূপ, তাঁহাদেব নিজ জাতিব অতীতেব ফলস্বরূপ; তাঁহারা আবার স্বয়ং ভবিষ্যৎযুগের শ্রষ্টা। অভীত কারণ-সমষ্টির ফলস্বরপ কার্যাবলি আবাব ভাবী কার্য্রে কাবণস্বরপ হয়। আমাদের আলোচ্য মহাপুরুষসম্বন্ধেও একথা থাটে। তাঁহার निक क्रांতिর मধ্যে যাহা কিছু শ্রেষ্ঠ ও মহত্তম, ঐ ক্রাতি যে উদ্দেশ্য সিদ্ধির জন্ম শত শত যুগ ধরিয়া চেষ্টা করিয়া আসিয়াছে, তাহাই তাঁহাতে সাকাব বিগ্রহ ধাবণ কবিয়াছিল। আর তিনি স্বয়ং ভবিষ্যতের পক্ষে মহাশক্তিব আধার স্বরূপ—শুধু তাঁহার নিজজাতিব পক্ষে নহে, জগতের অক্যান্য অসংখ্য জাতির পক্ষেও তাঁহার জাংনের প্রেবণা মহাশক্তির বিকাশ করিয়াছে।

আর একটি বিষয় আমাদিগকে স্মরণ করিতে হইবে যে, ঐ নাজারেথবাদী মহাপুরুষের বর্ণনা আমি প্রাচ্যদেশীয়গণের দৃষ্টি হইতে করিব। আপনারা ইহা অনেক সময়েই ভুলিয়া যান যে, তিনি

# ঈশদৃত যী শুগ্রীষ্ট

খাঃ একর্ত্রন প্রাচ্যদেশীর ছিলেন। তাঁহাকে আপনারা নীলনরন
ও পীত্রেশ্রনিপে অন্ধন ও বর্ণনার ঘতই চেন্টা রুক্রন না, তথাপি
তিরি যে একজন প্রাচ্যদেশীয় ছিলেন, তাহাতে কোন সন্দেহ নাই।
বাইবেলগ্রন্থে যে সকল উপমা ও রূপকের প্রয়োগ, আছে, উহাতে যে
সকল দৃশ্য ও হানের বর্ণনা আছে, উহাব কবিত্ব, উহাতে অন্ধিত
চিত্রসমূহের ভাবভঙ্গী ও সন্ধিরেশ এবং উহাতে বর্ণিত প্রতীক ও
অমুধানপদ্দতি— এই সমৃদ্যুই প্রাচ্যভাবেবই সাক্ষ্য দিতেছে — উহাতে
উজ্জল আকাশ, উত্তাপ, প্রথক র'ব হবং তৃষ্ণার্ত নরনারী ও
জীবক্লের বর্ণনা—মেষপাল, কৃষককুল ও রুষিকার্য্যেব বর্ণনা—
পন্চান্ধি (water-mill), ঘটিযন্ত্র, পন্চান্ধিসংলগ্র দ্বোবর ও ধরাট্রের
(পিষিবার জাতা) বিনা—এই সকলগুলিই এখনও এসিয়াতে
দেখিতে পাওয়া বার।

এসিরা চিরদিনই কাংকে ধর্মের বাণী শুনাইয়াছে—ইউরোপ চিরদিনই রাজনীতির বাণী ঘোষণা বরিয়াছে। নিজ নিজ কাষ্য-ক্ষেত্রে প্রত্যেকেই মিজ নিজ মহল্প দেখাইয়াছে। ইউরোপের ঐ বাণী আবার প্রাচীন গ্রীসের প্রতিপরনিমাত্র। নিজ সমাজ্ঞই গ্রীকর্দের সর্বস্ব ছিল। তদ্মতীত অকান্স সকল সনাজ্ঞই তাহাদের চক্ষে বর্বর—তাহাদের মতে গ্রাক ব্যতীত মার কাহাবও জগতে থাকিবার অধিকার নাই। তাহাদের মতে গ্রীকেরা গাহা করে, তাহাই ঠিক; জগতে আর যাহা কিছু আছে, তাহার কোনটিই ঠিক নহে—ত্মতরাং তাহাকে জগতে থাকিতে দেওয়া উচিত নর। তাহাদের সহাত্মত্বতি মানবজাতিতেই একান্ত শীমাবদ্ধ, সতরাং উহা একান্ত স্বাভাবিক, আর সেই কারণেই গ্রীক সভাত। নানারূপ

#### ঈশদৃত ধীশুগ্রীষ্ট

কলাকৌশলময়। গ্রীক মন সম্পূর্ণরূপে ইহলোক লইয়াই ব্যাপৃত,
সে এই জগতের বাহিরের কোন বিষয় স্বপ্লেও ভাবিতে চার না।
এমন কি, উহাদের কবিতা পর্যন্ত এই ব্যবহারিক জগৎকে লইয়া।
উহাদের দেবদেবীগুলির কার্য্যকলাপ আলোচনা করিলে বোধ হয়
যে তাঁহারা মান্নয়, সম্পূর্ণরূপে মানব-প্রক্লতিবিশিষ্ট, সাধাবণ মানব
যেমন স্থথে ছঃথে, ছদয়েব নানা আবেগে উত্তেজিত হইয়া পড়েন,
ইহাবাও প্রায় তজ্রপ। ইহারা সৌন্দর্য্য ভালবাসে বটে, কিন্তু এটি
বিশেষভাবে লক্ষ্য করিবেন যে, উহা বাহ্যপ্রকৃতির সৌন্দর্য্য ছাড়া
আর কিছুই নহে—বাহ্যজগতের শৈলরাশি, হিমানী ও কুস্থমবাশিব
সৌন্দর্য্য ছাড়া আব কিছুই নহে—উহা বাহ্য অবয়বেব, বাহ্য আরুতিন
সৌন্দর্য্য ছাড়া আব কিছুই নহে। গ্রীকেরা নবনারীব মুথের,
অধিকাংশ সময়ে নবনারীব আরুতির সৌন্দর্য্যে আরুষ্ট হইত। আব
এই গ্রীকগণই পরবর্ত্তী যুগেব ইউরোপের শিক্ষাগুক বলিষা ইউবোপ
গ্রীসেব বাণীরই প্রতিধ্বনি করিতেছে।

এসিয়ায় আবার অন্তপ্রকৃতি লোকের আবাস। উক্ত প্রকাণ্ড
মহাদেশের বিষয় চিস্তা করিয়া দেখুন—কোথাও শৈলমালাব
চূড়াগুলি অত্র ভেদ কবিয়া নীল গগনচন্দ্রাতপকে যেন প্রায়্ম স্পর্শ
করিতেছে; কোথাও প্রকাণ্ড মরুভূমিসমূহ ক্রোশের পর ক্রোশ
ধরিয়া চলিয়াছে—যেখানে এক বিন্দু জল পাইবার সম্ভাবনা নাই,
একটি তৃণও যথায় উৎপন্ন হয় না; কোথাও নিবিড় অরণাানী
বিরাজমান—উহাও ক্রোশের পব ক্রোশ ধরিয়া চলিয়াছে—যেন
ফুবাইবাব নাম নাই; আবার কোথাও বা বিপুলকায়া স্রোতম্বতীসমূহ প্রবলবেগে সমুদ্রাভিমুখে ধাবমান। চতুদ্দিকে প্রকৃতির এই

# ঈশদ্ত বীশুগ্রীষ্ট

সকল মহিমমন্ন দুশ্রে পরিবেষ্টিত হইন্না প্রাচ্যদেশবাসীর সৌন্দধ্য ও গান্তীধ্যের প্রতি ভালবাসা এক সম্পূর্ণ বিপরীত দিকে বিকাশপ্রাপ্ত হইল। উহা বহিদ্'ষ্টি ত্যাগ করিয়া অন্তদ্ষ্টিপবায়ণ হইল। কোথায়ও প্রাকৃতিক সৌন্দর্যসম্ভোগের অদম্য ভৃষণ, প্রকৃতির উপর আধিপত্তার তীত্র পিপাসা বিজ্ঞমান—তথায়ও উন্নতির অকু প্রবল আকাজ্ঞা বর্ত্তমান—গ্রীকেরা যেমন অপর জাতিসমূহকে বর্বর বলিয়া দ্বণা করিত, তথারও সেই ভেদবৃদ্ধি, সেই দ্বণার ভাব বিশ্বমান। কিন্তু তথার জাতীর ভাবের পরিধি অধিকতর বিস্তৃত। এসিয়ার আজও জন্ম, বর্ণ বা ভাষা লইয়া জাতি সংগঠিত হয় না। তথায় একধন্মাবলমী হইলেই এক জাতি হয়। সমুদয় গ্রীষ্টিয়ান মিলিয়া এক জাতি, সমুদয় মুদলমান মিলিয়া এক জাতি, সমুদয় বৌদ্ধ মিলিয়া এক জাতি, সমুদয় হিন্দু মিলিয়া এক জাতি। একজন (वोक ठीनमिनावामी, এदः व्यवत एककन वाक्षणमिवामीह रुडेक ना কেন, যেতেতু উভয়ে একধর্মাবলঘী, সেই হেতু তাহারা পরপারকে ভাই ভাই বলিয়া মনে করিয়া থাকে। তথায় ধর্মাই নানবজাতির পরস্পরের বন্ধনম্বরূপ, উহাই নানবের সন্মিলনভূমি। আর ঐ পূর্বেনাক্ত কাবণেই প্রাচ্যদেশীয়গণ পরোক্ষপ্রিয়—তাহারা জন্ম হইতেই বাস্তব জগৎ ছাড়িয়া সম্মজগতে থাকিতেই ভাসবাসে। জলপ্রপাতের মধুন তবতর পতনশন, বিহগকুলের কাকলা, স্থা, চন্দ্র, তারা, এমন मत्मर नारे। किन्न প्राচामत्नत्र भरक उरारे भर्गाश नरर—छरा জগতের—গতী ভেদ করিয়া তাহার অতীতপ্রদেশে যাইতে চায়।

# ঈশদূত যীভগ্ৰীষ্ট

বর্ত্তমান—প্রত্যক্ষ পরিদৃশ্রমান জগৎ তাহার পক্ষে যেন কিছুই নয়।
প্রাচ্য ভূভাগ ঘূগ্যুগান্তর ধরিয়া সমগ্র মানবজাতির শৈশবশ্যাস্বরূপ
রহিয়াছে—তথায় ভাগ্যচক্রের সর্কবিধ পরিবর্ত্তন দেখিতে পাওয়া
যায়। তথায় এক রাজ্যের পর অপর রাজ্যের অভ্যুদয়, এক সামাজ্য
নই হইয়া অপব সামাজ্যের অভ্যুদয় হইয়াছে, মানবীয় ঐশ্যুবৈভব,
গৌরব, শক্তি—সবই এখানে গড়াগড়ি যাইতেছে—যেন বিস্তা,
ঐশ্যুবৈভব, সামাজ্য— সমুদয়ের সমাধিভূমি—ইহাই প্রাচ্যভূমির
পরিচয়। স্কতরাং প্রাচ্যদেশীয়গণ যে এই জগতের সমুদয় পদার্থকেই
য়্বণার চক্ষে দেখেন এবং স্বভাবতাই এমন কিছু বস্তু দর্শন করিতে
চান, যাহা অপরিণামী, অবিনাশী, এবং এই হঃখ ও মৃত্যুপুর্ণ জগতের
মধ্যে নিত্য, আনন্দময় ও অমর—ইহাতে বিশ্বয়ের বিষয় কেছুই
নাই। প্রাচ্যদেশীয় মহাপুরুষগণ এই আদর্শের বিষয় ঘোষণা
করিতে কথন ক্লান্তিবোধ কবেন না। আর জগতের সকল অবতার
ও মহাপুরুষগণের উদ্বন্তানসহক্ষেও আপনারা স্বরণ বাথিবেন যে,
ইহাদের সকলেই প্রাচ্যদেশীয়, কেহই অন্ত দেশের লোক নহেন।

আমরা আমাদের আলোচ্য মহাপুরুষের প্রথম মৃশমন্ত্রই এই দেখিতে পাই যে, এ জীবন কিছুই নহে, ইহা হইতে উচ্চতব আরও কিছু আছে: আব তিনি ঐ অতীন্ত্রিয়তত্ত্ব জীবনে পরিণত করিয়া তিনি যে যথার্থ প্রাচ্য দেশের সম্ভান, তাহার পরিচয় দিয়াছেন। পাশ্চাত্য দেশের লোক আপনাদের নিজ্ঞ কার্য্যক্ষেত্রে অর্থাৎ সামরিক ব্যাপারে, রাষ্ট্রনৈতিকবিভাগের পরিচালনে ও তথাবিধ অন্তান্থ ব্যাপারে আপনাদের রুতকর্মতার পরিচয় দিয়াছেন। হয়ত প্রাচ্যদেশীরগণ ওসকল বিষয়ে নিজ্ঞদের ক্বতিত্ব দেখাইতে পারেন

# মানদ্ত যীতথ্ৰীষ্ট

नारे, किंग्र ठीशंत्रा निक निक कांश्राकरता मक्न-छीशंत्रा भर्याक निक्टिष्य कीवत्न উপলक्ति कवित्राष्ट्रन-कार्या পরিণত করিয়াছেন। তিনি यपि कोन पर्णन প্রচাব করেন, তবে দেখিবেন, काल भेज लाक आमिया প्रानिभए निष्करमंत्र कीवरन উश উপनिक्त कतिवात टिष्टों क्रिया। यमि कोन या कि श्राचित क्रायन ख, এक शास्त्र দাড়াইয়া থাকিলে তাহাতেই মুক্তি হইবে, তিনি তথনই এমন পাঁচ শত অহবভী পাইবেন, যাহারা এক পায়ে দাঁড়াইয়া থাকিতে প্রস্তুত হইবে। আপনার। ইহাকে উপহাসাম্পদ কথা বলিতে পারেন, কিন্তু জানিবেন, ইহার পশ্চাতে তাহাদের জীবনের মূলমন্ত্র বিশ্বদান— তাহারা যে ধর্মকে কেবল বিচারের বস্তু না ভাবিষা উহাকে कीवान **উপল**िक कवितात—कार्या পविष्ठ कविताब हो कार्य. ইহাতে তাহার আভাস ও পরিচয় পাওয়া যায়। পাশ্চাত্য দেশে मुक्तित त्य मकन तिविध উপाय निर्मिष्ठे इहेया थात्क, जाहा तृषिवृद्धित वाराम माज, উहा मिगरक रकांनकारण कार्या পরিণত করিবার চেষ্টা পর্যান্ত কবা হয় না। পাশ্চাত্যদেশে যে প্রচাবক উৎকৃত্ত বভুতা করিতে পারেন, তিনিই সর্বভেন্ত ধর্মোপদেষ্টারূপে পরিগণিত হইয়া थात्कन।

অতএব আমরা দেখিতেছি, প্রথমতঃ, এই নাজারেথবাদী যীও প্রকৃতপক্ষেই প্রাচ্যদেশীয়দের ভাবে সম্পূর্ণ ভাবিত ছিলেন। তাঁহার এই নশ্বর জগৎ ও ইহার নশ্বর ত্রশ্বর্যো আদে আহা ছিল না। বর্ত্তমান মুগে পাশ্চাতা জগতে যেরূপ শান্তীয় বাক্যের টানিয়া বুনিয়া ব্যাপ্যা করিবার চেষ্টা দেখা যায়, (এত টানাটানি করা হয় যে, আর টানিয়া বাড়ান চলে না—শাস্ত্র বাক্যগুলি ত আর রবার

# ঈশদ্ত যী ভগ্নীষ্ট

नरह रा, यङ हेव्हा ठीनिया वाड़ान याहरत, आत उँहात्र धक्छा সীমা আছে ) তাহার কোন প্রয়োজন নাই। ধর্ম্মকে বর্ত্তমানকালের ইন্দ্রিসর্বাস্থতার সহায়কস্বরূপ করিয়া লওয়া কথনই উচিত নহে। এটি বেশ বুঝিবেন যে, আমাদিগকে সরল ও অকপট হইতে হইবে। যদি আমাদের আদর্শ অনুসরণ কবিবাব শক্তি না থাকে, তবে আমরা যেন আমাদের তর্কলতা স্বীকার করিয়া লই, কিন্তু আদর্শকে যেন কথন খাট না করি—কেচ যেন আদর্শটিকেই একেবারে ভাঙ্গিয়া চুরিয়া ফেলিবার চেষ্টা না করেন। পাশ্চাত্য জাতিগণ প্রীষ্টের জীবনের যে নানাবিধ ভিন্ন ভিন্ন বিবরণ দিয়া থাকেন, তাহা শুনিশে कामग्र व्यवसम इहेग्रा व्याप्त । हेशांप्तव वर्गना इहेट्ड जिनि य कि ছिल्न, कि नो ছिल्नन, किছूरे वृक्षिए পाति नो। किश কেহ তাঁহাকে একজন মহা রাজনীতিক্ত পুরুষ বলিয়া প্রতিপন্ন করিতে চেষ্টা করিয়াছেন, কেহ বা তাঁহাকে একজন দেনাপতি বলিয়া, অপর একজন স্বদেশহিতেষী য়াহুদী, অপরে বা তাঁহাকে অস্তরণ একটা কিছু প্রতিপন্ন করিতে চেষ্টা করিয়াছেন। কিন্তু वाहरवन श्रष्ट कि अमन कान कथा आहि, योशेट आमारनन উক্তবিধ সিদ্ধান্তগুলির যাথার্থ্য ও স্থায্যতা প্রতিপন্ন করে? একজন শ্রেষ্ঠ ধর্মাচার্য্যের জীবনের ও উপদেশেব সর্কশ্রেষ্ঠ ভাষ্য তাঁহার নিজের জীবন। একণে যীও তাঁহার নিজের সম্বন্ধে কি বলিয়াছেন, শুরুন। "শুগালেরও একটা গর্ভ থাকে, আকাশচাবী বিহঙ্গণেরও নীড় আছে, কিন্তু মানবপুদ্রের (যীশুর) মাথা গুঁজিবার এতটুকু স্থান নাই।" যীশুখ্রীষ্ট স্বয়ং এইরূপ ত্যাগী ও বৈরাগ্যবান্ ছিলেন, তবে তাঁহার উপদেশ ও শিক্ষা এই যে, এই ত্যাগবৈরাগ্যই মুক্তির

#### मृङ गीलशिष्ठ

এकमाত পথ-- তিনি মুক্তির আর কোন পথ প্রদর্শন করেন নাই। আমরা যেন দন্তে তুণ লইয়া বিনীতভাবে স্বীকার করি যে, আমাদের এইরূপ ত্যাগবৈরাগ্যের শক্তি নাই। আমাদের এথনও আমি ও 'আমার'—ইহাদের উপব বোর আসক্তি বর্তমান। আমবা ধন এশ্বর্যা বিষয়—এই সব চাই। আমাদিগকে ধিক্—আমরা যেন আমাদের তর্বলতা স্বীকার করি, কিন্তু যীশুখ্রীষ্টকে অন্তর্মণে বর্ণনা করিয়া মানবজাতির এই মহানু আচার্যাকে লোকচকে হীন প্রতিপন্ন कता (कानकरमरे कर्डवा नरह। छैं। श्रीत भातिवातिक वसन कि ছিল না। আপনার। কি মনে করেন, এই ব্যক্তির ভিতর কোন সাংসাবিক ভাব ছিল? আপনারা কি ভাবেন, জ্ঞানজ্যোতির পর্ম আধাবস্থরপ, এই অমান্ব স্বয়ং ঈশ্বর জগতে অবতীর্ণ হইরাছিলেন পশুজাতির সমধ্যী হইবাব জন্ম ? তথাপি লোকে তাঁহার উপদেশ বলিয়া যা তা প্রচার কবিয়া থাকে। তাঁহার স্বীপুরুষ ভেদজ্ঞান ছিল না—তিনি আপনাকে লিজোপাধিরহিত আত্মা বলিয়া জানিতেন। তিনি ঞানিতেন, তিনি শুদ্ধ আত্মাস্বরূপ—কেবল দেহে অবস্থিত হইয়া মানবজাতির কল্যাণের জন্ত দেহকে পরিচালন করিতেছেন মাত্র— দেহের দক্ষে তাঁহার শুরু উটুকুমাত্র সম্পর্ক ছিল। আত্মাতে কোন-क्रिश निक्र एक नाई। विष्ट बाद्यांत्र शांभव छात्वत्र महिङ कान সম্বন্ধ নাই—দেহের সহিত কোন সম্বন্ধ নাই। অবগ্র এইরূপ ত্যাগের ভাব হইতে আমরা এখন বহুদুরে অবস্থিত হইতে পারি, ट्रेनामरे वा – किन्न आमारमत आमर्निएक विश्वत रूखना উठित नत्र। व्यामत्रा त्वन म्लाष्टे चीकांत्र कति त्व, जांशरे व्यामात्मत्र व्यामर्न, কিন্তু আমরা ঐ আদর্শের নিকট প্রভৃতিতে এখনও অক্ষম।

#### ঈশদূত যীশুগ্রীষ্ট

তিনি যে শুদ্ধ-বৃদ্ধ-মৃক্ত-আত্মাশ্বরূপ—এই তত্ত্ব উপলব্ধি ব্যতীত তাঁহার জীবনে আর কোন কার্যা ছিল না, আর কোন চিন্তা ছিল न। তিনি বাস্তবিকই বিদেহ শুদ্ধ-বুদ্ধ-মুক্ত-আত্মাস্বরূপ ছিলেন। শুধু তাহাই নহে, তিনি তাহার অদ্ভুত দিব্যদৃষ্টিসহায়ে ইহাও वृश्विष्ठाहिलन (व, প্রত্যেক নবনাবী, সে ग्राइमी হউক বা অক্ত कां जिसे कड़क, धनी पविष्र, माधू व्यमाधू—मकरण है जैशितक कांब्र সেই এক অবিনাশী আত্মান্তরূপ বই আর কিছুই নহে। স্থতরাং তাঁহার সমগ্র জীবনে এই একমাত্র কার্য্য দেখিতে পাওয়া যায় যে, তিনি সমগ্র মানবজাতিকে তাহাদের আপন আপন যথার্থ শুদ্ধ চৈত্রস্বরূপ উপশধি করিবাব জন্ম আহ্বান করিতেছেন। তিনি विनिट्टिक्न, "তোমরা দীনহীন, এই কুসংস্থারময় স্বপ্ন ছাড়িয়া দাও। मन्न कत्रिञ्ज न। त्र, ज्यभद्र जोमां मिशक मामर अममिन ज्यः छेर-পীড়িত কবিতেছে, কারণ তোমাদেব মধ্যে এমন এক বস্তু রহিয়াছে যাহাব উপর কোন অত্যাচাব কবা চলে না, যাহাকে পদদলিত করা যীয় না, যাহাকে কোন মতে বিনাশ করিতে বা কোনরূপ कहे फिल्ड भावा गांग्र ना।" आभनावा मकल्वहे स्वेश्वत्र स्व, मकल्वहे অমর আত্মাম্বরূপ। তিনি এই মহাবাণী জগতে ঘোষণা করিয়াছেন —"ক্রানিও, স্বর্গরাজা তোমাব অভ্যন্তরেই অবস্থিত।"—"আমি ও আমাব পিতা অভেদ।" নাজারেথবাসী যীও এই সব কথাই বলিয়াছেন। তিনি এই সংসারের কথা বা এই দেহের বিষয় কথনও বলেন নাই। জগতের সঙ্গে তাঁহাব কোন সম্বন্ধই ছিল না—এইটুকু মাত্র সম্পর্ক ছিল যে, উহাকে ধরিয়া তিনি সমুথে থানিকটা অগ্রসর করিয়া দিবেন—আর ক্রমাগত উহাকে অগ্রসর

#### ঈশদূত যী গুৰীষ্ট

করিতে থাকিবেন, যতদিন না সমগ্র জগৎ সেই পরম জ্যোতির্ময় পরমেশবের নিকট পঁছছিতেছে, যতদিন না প্রত্যেকে নিজ নিজ শ্বরূপ উপলব্ধি করিতেছে, যতদিন না তঃথকন্ত ও মৃত্যু জগৎ হইতে সম্পূর্ণরূপে নির্বাসিত হইতেছে।

তাঁগার জীবনচবিত সম্বন্ধে বে সকল বিভিন্ন পরস্পর-বিরোধী আখ্যান লিখিত হইয়াছে, তাহা আমরা পাঠ করিয়াছি। প্রীষ্টের জীবনচরিতের সমালোচক পণ্ডিতবর্গ ও তাঁহাদের গ্রন্থাবলি এবং "উচ্চতর সমালোচনা" \* নামধের সাহিত্যরাশির সহিত্তও আমরা পরিচিত। আর নানা গ্রন্থ আলোচনা দ্বারা পণ্ডিতেরা যে সকল সিদ্ধান্তে উপনীত হইয়াছেন. তাহাও আমরা জানি। বাইবেলের নিউ টেপ্টামেন্ট অংশ কতটা সত্ত্য, অথবা উহাতে বর্ণিত যীশুরীষ্টের জীবনচবিত কতটা ঐতিহাসিক সম্ভ্যের সহিত মিলে, এ সকল বিষয় বিচারার্থ অন্থ আমবা এখানে সমাগত হই নাই। যীশুরীষ্টের জন্মবাব পাচ শত বংসরের মধ্যে নিউ টেপ্টামেন্ট লিখিত হইয়াছিল কি না, অথবা বীশুরীষ্টের জীবনচরিতের কতটা অংশ সত্যা, তাহাতে কিছু আসিয়া যায় না। কিন্তু ঐ সকল লেগার পশ্চাতে এনন কিছু আছে যাহা অবশ্য সত্যা, এমন কিছু আছে, যাহা আমাদের অন্ধকরণের যোগ্য। মিথা কথা বলিতে হইলে, সত্যেরই নকল করিতে হয়, এবং ঐ সত্যটির বাশ্ডবিকই সন্তা

<sup>\*</sup> Higher या Historical Criticism :—हे छिहान ६ नाहिए । विक हे ए याहे (यह अधिकाश्या वहना, वहनाकान ६ व्यामानिक निष्य विहान-नवनिक माहिए। वाणि के नाम विकिश हे हैं मा थार । है हो Textual or Verbal Criticism व्यर्थ याहे (यह दाका दाका विक क्षा विकास विहास हे ए पुष्क ६ फिल्ड विद्या Higher Criticism नाम विक्रिश ।

# ঈশদ্ত যীভগ্ৰীষ্ট

আছে। যাহার বাস্তবিক সন্তা কোন কালে ছিল না তাহার নকল করা চলে না। যাহা আপনারা কোন কালে উপলব্ধি করেন নাই, তাহার কখনই অমুকরণ করিতে পারেন না। স্থতরাং ইহা অনায়াসেই অমুমান করা যাইতে পারে যে, বাইবেলের বর্ণনা অতিরঞ্জিত স্বীকার করিলেও, ইহাও স্বীকার করিতে হয় যে, ঐ কল্পনারও অবশ্রই কিছু ভিত্তি ছিল,—নিশ্চিত সেই সময়ে জগতে এক মহাশক্তির আবির্ভাব হইয়াছিল—আধ্যাত্মিক শক্তির এক অপূর্ব্ব বিকাশ হইয়াছিল-এবং সেই মহা আগাত্মিক শক্তি সম্বন্ধেই অন্ত আমরা কিঞ্চিৎ আলোচনা করিতেছি। ঐ মহাশক্তির অস্তিত্ব সম্বন্ধে যথন আমাদের কিঞ্চিন্মাত্রও সন্দেহ নাই, তথন আমাদের পণ্ডিতকুলের সমালোচনায় ভয় পাইবাব কোন কারণ नारे। यनि প্রাচ্যদেশীয়দের স্থায় আমাকে এই নাজাবেণবাদী যীশুর উপাসনা করিতে হয়, তবে একটিমাত্র ভাবেই আনি তাঁহার উপাসনা করিতে পারিব, অথাৎ আমায় তাঁহাকে ঈশ্বর বলিয়াই উপাসনা করিতে হইবে, অহা কোনরূপে আমাব তাঁহাকে উপাসনা করিবার উপায় নাই। আপনারা কি বলিতে চান, আমাদের তাঁহাকে উপাসনা করিবার অধিকার নাই? যদি আমরা তাহাকে আমাদের সমান ভূমিতে টানিয়া আনিয়া তাঁহাকে কেবল একজন মহাপুরুষমাত্র বলিয়া একটু সম্মান দেখাই, ভাবে আর আমাদের তাঁহাকে উপাসনা করিবারই বা প্রয়োজন কি? আমাদের শাস্ত্র বলেন,—"এই জ্যোতির তন্মগণ, যাহাদের ভিতর দিয়া সেই ব্রহ্ম-জ্যোতিঃ প্রকাশিত হয়, যাঁহারা স্বয়ং সেই জ্যোতিঃস্বরূপ, তাঁহারা উপাসিত হইলে যেন আমাদের সহিত

#### ঈশদূত যী শুপ্রীষ্ট

তাদাত্মাভাব প্রাপ্ত হন এবং আমরাও তাঁহাদেব সহিত এক হইয়া যাই।"

कावन, आश्रनावा এটি नक्षा कविरवन य, मानव जिविधछारव ঈশ্ববোপলন্ধি করিয়া থাকে। প্রথমাবস্থায় অশিক্ষিত মানবের অপবিণত বৃদ্ধিতে বোধ হয় যে, ঈশ্বব বহুদ্বে—উদ্ধে স্বৰ্গনামক ञ्चानिवालाय जिश्हां जात भाष्ये भाष्ये महाविष्ठां वक्तरण जमाजीन বহিয়াছেন। লোকে তাঁহাকে "মহন্তমং বজ্রমুক্ততং" স্বরূপে मर्भन करव। जेश्रव मश्रकीय এवःविध श्वावना ७ छाल, देशार्छ यन কিছুই নাই। আপনাদেব বিশেষভাবে শ্ববণ বাথা উচিত যে, মানব মিথ্য। হইতে, ভ্রম হইতে সত্যে অগ্রসব হয়, তাহা নহে, এক সত্য হইতে ক্রমে অপর সত্যে আরোহণ করিয়া থাকে। যদি আপনাবা পছন্দ কবেন ত বলিতে পাবেন, নিম্নতব इट्टेंट উচ্চত্ৰ সত্যে আবোহণ কৰিয়া থাকে, কিন্তু এম इट्टेंट, মিথা। হুইন্টে স্ট্রে গ্রমন কবে, একথা কখনই বলিতে পারেন না। মনে ককন, আপনি এখান হইতে স্থ্যাভিমুখে সর্লরেখায় অগ্রসর হইতে লাগিলেন। এথান হইতে স্থাকে অতি কুদ্রাকার দেখায়। মনে ককন, আপনি এথান হইতে দশ লক্ষ মাইল অগ্রস্ব চইলেন—সেখানে গিয়া সূর্য্যকে এখানকার অপেক্ষা বৃহত্তর আকারে দেখিবেন। যতই অগ্রসর হইনেন, ততই উহাকে বৃহত্তবরূপে দেখিতে থাকিবেন। মনে করুন, এইরূপ বিভিন্ন ন্তান হইতে সংখ্যব বিশ সহস্র আলোকচিত্র গ্রহণ করা গেল— हेशामत প্রত্যেকটিই যে অপরটি হইতে পৃথক্ হইবে, ভাষাতে कान मन्त्र नाहे; किन्छ উहामित मकनश्विम य महे এक

# ঈশদৃত যীভগ্ৰীষ্ট

সুর্য্যেরই আলোকচিত্র, ইহা কি আপনি অস্বীকার করিতে পারেন? এইরূপ উচ্চতর বা নিয়তর সর্ব্ববিধ ধর্ম্মপ্রণালীই সেই অনস্ত জ্যোতির্ময় ঈশ্বরের নিকট পঁছছিবার বিভিন্ন সোপানাব<sup>া</sup>ল মাত্র। কোন কোন ধর্ম্মে ঈশ্বরের ধারণা নিম্নতর, কোন কোন ধর্মে উচ্চতর—এইমাত্র প্রভেদ। এই কারণেই সমগ্র জগতের গভীর-िछाक्रम জनमाधांतरणत धर्मा, वक्रांत्छव वहिर्फर्भ कर्ननामक স্থানবিশেষে অবহান করিয়া জগৎ-শাসনকারী, পুণাবানের পুরস্কাব ও পাপীর দণ্ডদাতা এবং এতদ্বিধ অক্যান্স গুণসম্পন্ন ঈশ্বরের ধারণা থাকিবেই এবং বরাবরই রহিয়াছে দেখিতে পাওয়া যায়। মানব অধ্যাত্মরাজ্যে যতই অগ্রসর হয়, ততই সে উপলব্ধি কবিতে আরম্ভ করে যে, যে ঈশ্বরকে সে এতদিন স্বর্গনামক স্থানবিশেষে সীমাবদ্ধ মনে করিতেছিল, তিনি প্রক্তপক্ষে সর্ক্রাপী, তিনি নিশ্চয় সর্বত্ত অবস্থিত, তিনি দুরে অবস্থিত নহেন, তিনি তাহারই মধ্যে বর্ত্তমান রহিয়াছেন। তিনি স্পষ্টতঃই সকল আতার অন্তরাত্মাস্বরূপ। যেমন আমার আত্মা আমাব দেহকে পরিচালনা করিতেছেন, তদ্রপ ঈশ্বর আমার আত্মারও পরিচালক, আত্মাবও নিয়ন্তাম্বরূপ— তিনি আমাদের আত্মার মধ্যে সম্ভরাত্মাম্বরূপ। আবার কতকগুলি ব্যক্তি এতদূর চিত্তশুদ্ধি সাধন করিলেন ও আধ্যাত্মিকতায় এতদুর অগ্রসর হইলেন যে, তাঁহারা পূর্কোক্ত ধারণা মতিক্রম করিয়া, আরও অগ্রসর হইয়া অবশেষে ঈশ্বরলাভ করিলেন। বাই-(तल्लत निष्ठ दिष्टार्थिए निम्नामिथिक ताका मिथिएक शां आग्र,— "পবিত্রচেতা ব্যক্তিগণ ধক্ত, কারণ, তাঁহারা ঈশ্বরদর্শন করিবেন। আর অবশেষে তাঁহারা দেখিলেন, তাঁহারা এবং পিতা ঈশ্বর অভিন।

#### ঈশদৃত বীশুখ্ৰীষ্ট

আপনারা দেখিবেন, বাইবেলের নিউ টেষ্টামেণ্ট অংশে ধর্মাচার্য্য উক্ত তিবিধ সোপানের উপযোগা সাধন শিক্ষা দিয়া গিয়াছেন। তিনি যে 'সাধারণ প্রার্থনা' (Common Prayer) শিক্ষা দিয়া গিয়াছেন, সেইটি লক্ষ্য করিয়া দেখুন—"হে আমাদের वर्गञ् थिङ, তোমার নাম জয়য়ুক্ত হউক" ইত্যাদি। ইহা সাদাসিধা ভাবের প্রার্থনা, শিশুর প্রার্থনা। এটি লক্ষ্য করিবেন ধে, ইছা "সাধারণ প্রার্থনা"; কারণ, ইহা অশিক্ষিত জনসাধারণের বিহিত। অপেকারত উচ্চতর ব্যক্তিদের জন্ম, গাঁহারা পূর্বোক্ত অবস্থা হইতে কিঞ্চিৎ অগ্রসর হইয়াছেন, তাহাদের জক্ম তিনি অপেকারত উন্নত সাধনের ব্যবস্থা কবিয়াছেন। তাঁহার নিম-লিথিত উক্তিতে তাহার আভাস পাওয়া নায়—"আমি আমাৰ পিতাতে, তোমবা আমাতে, এবং আমি তোমাদিগের বর্ত্তমান।" স্মরণ হইতেছে ত? আব যখন য়াজনীরা তাঁহাকে জিজাসা করিয়াছিল,—আপনি কে, তিনি স্পষ্টই বলিয়াছিলেন,— "আমি ও আমার পিতা এক।" য়াহুদীরা মনে করিয়াছিল, তিনি ঈশ্বরের সহিত আপনাকে অভিন্ন ঘোষণা কবিষ। যোবতর ভগবন্ধিক। করিতেছেন। কিন্তু তিনি উক্ত বাকা কি উদ্দেশ্যে বলিয়াছিলেন? একই কথা আমাদের ভবিষ্যদ্দশী মহাপ্রক্ষগণও বলিয়া গিয়াছেন— "তোমরা সকলেই দেব বা ঈশ্বর—তোমরা সকলেই সেই পরাৎপর পুরুষের সম্ভান।" অভএব দেখুন, বাইবেলেও এই ত্রিবিধ সোপান म्लाष्ट्रेक्स्ट উপनिष्ठे विश्वाहि, जाव जाननाता हैशे अ मिथियन या, আপনাদের পক্ষে উক্ত প্রথম সোপান হইতে আরম্ভ করিয়া ধীরে धीर्त्र (भव भागान गमन कन्नारे व्यर्भकांकृष्ठ मध्छ।

#### ঈশদূত যীশুখ্ৰীষ্ট

এই ঈশবের অগ্রদূত, এই স্থাসাচারবাচক ঘীশু সত্যালাভেব পথ দেখাইতে আসিরাছিলেন। তিনি দেখাইতে আসিরাছিলেন যে. নানারপ অমুষ্ঠান ক্রিয়াকলাপাদির দারা সেই যথার্থ তত্ত্ব—আয়তত্ত্ব नाड रम ना ; पिथारेट आमिम्राहित्नन (य, नानाविध कृते, अपिन দার্শনিক বিচারের দ্বাবা সেই আত্মতত্ত্ব লাভ হয় না। আপনার যদি কিছুমাত্র বিস্থা না থাকে, সেত বরং আবও ভাল; আপনি সারা জীবনে যদি একথানি বইও না পডিয়া গাকেন. সে ত আবও ভাল কথা। এ সকল আপনাব মৃক্তির জন্ম একেবারেই আবশুক নহে, মৃক্তিলাভেব জন্ম ঐশ্বর্য্য, বৈভব, উচ্চপদ বা প্রভূত্বের কিছুমাত্র প্রয়োজন নাই—এমন কি, পাণ্ডিত্যেবও কিছু প্রয়োজন নাই। কেবল একটি জিনিসেব প্রয়োজন—তাহা এই—পবিত্রতা— চিত্তশুদ্ধি। "পবিত্রাত্মা বা শুদ্ধচিত্ত ব্যক্তিগণ ধরু,"—কারণ আত্মা স্বয়ং শুদ্ধসভাব। উহা অনুদ্ধপ অহাং অশুদ্ধ কিকপে হইতে পাবে? উহা ঈশ্বপ্রপ্রস্ত-ঈশ্বর হইতে উহাব আবির্ভাব। বাইবেলের ভাষায়, উহা "ঈশ্বরেব নিঃশ্বাসম্বরূপ,' কোবানেব ভাষায়, উহা "ঈশ্ববেৰ আত্মান্তৰূপ।" আপনাৰা কি বলিতে চান, এই ঈশ্বরাত্মা কখনও অপবিত্র হইতে পালে? কিন্তু হায়, আমাদেরই শুভাশুভ কর্মেব দাবা উহা যেন শত শত শতাব্দীর धुनि ও मल्पि घोत्रा ञात्र इरेग्नाइ। नानाविध ञ्लाग्न कर्या, নানাবিধ অশুভ কর্ম্ম সেই আত্মাকে শত শত শতান্ধীৰ অজ্ঞানরূপ ধুলি ও মলিনতা দ্বারা সমাজ্জন কবিয়াছে। আবশুক কেবল ঐ ধুলি ও মল অপসাবণ,—তাহা হইলেই তংক্ষণাং আত্মা আপন প্রভায় উক্ষলভাবে প্রকাশিত হইতে থাকিবে। "শুকচিত্ত ব্যক্তিরা

#### ঈশদূত ধীওগ্ৰীষ্ট

থন্ত, কারণ, তাহারা ঈশরদর্শন করিবে।" "স্বর্গরাজ্য তোমাদের অভ্যন্তরেই বিরাজমান।" সেই নাজারেথবাসী যীশু আপনাদিগকে জিজ্ঞাসা করিতেছেন, "যখন সেই স্বর্গরাজ্য এখানেই, তোমাদের ভিতরেই রহিয়াছে, তখন আবার উহার অন্তেমণের জল্প কোথায় যাইতেছ? আত্মার উপরিভাগে যে মলিনতা সঞ্চিত হইয়াছে, তাহা পরিকার করিয়া দেল, উহা এখানেই বস্তমান দেখিতে পাইবে। উহা পূর্ব্ব হইতেই তোমার সম্পত্তি। যাহা তোমার নহে, তাহা তুমি করিয়া পাইবে? উহা তোমার জন্মপ্রাপ্ত অধিকারস্বরূপ। তোমরা অমৃতের অধিকারী, সেই নিত্য সনাতন পিতার তনর।"

ইহাই সেই স্নসনাচাববাহা যাঁভগ্রাষ্টের মহাতী শিক্ষা—তাঁহাব অপর শিক্ষা—তাাগ: উহাই সকল ধর্মের ভিত্তিস্করপ। আত্মাকে বিভন্ধ কি করিয়া কবিবে? ত্যাগের দ্বারা। জনৈক ধনী যুবক যাঁওকে জিজ্ঞাদা করিয়াছিলেন,—"প্রভু, অনস্ত জীবন লাভ কবিবার জহা আমাকে কি করিতে হইবে?" যাঁও তাঁহাকে বলিলেন,—"তোমাব এখনও একটি বিষয়ে অভাব আছে। বাড়ী যাও, তোমাব যাহা কিছু আছে দব বিক্রন্ত কর, এবং ঐ বিক্রন্ত্রণক্ষ অথ দরিদ্রদিগকে দান কর—তাহা হইলে স্বর্গে তুমি অক্ষর সম্পাদ্ সঞ্চর করিবে। তার পর আদ, এবং কুস গ্রহণ করিয়া আমার অনুসরণ কর।" ধনী যুবকটি যাঁওর এই উপদেশে ছাথিত হইল এবং বিষয় হইয়া চলিয়া গেল, কারণ, তাহার অগাধ সম্পত্তি ছিল। আমরা সকলেই অলবিন্তর ঐ ধনী যুবকের মত। দিবারার আমাদের কর্পে সেই নহাবাণী ধ্বনিত হইতেছে। আমাদের স্বথ্যজ্ঞনতার মধ্যে, সাংসারিক বিষয়ভোগের মধ্যে আমরা মনে করি, আমরা

# ঈশদৃত যীত্ৰীষ্ট

জীবনের উচ্চতর লক্ষ্য সব ভূলিয়া গিরাছি। কিন্তু উহার মধ্যেই र्का९ এक मूहार्खन्न तिन्नाम व्यामिन-एमरे मरावानी व्यामाद्यन कर्ष ধ্বনিত হইতে লাগিল,—"তোমার যাহা কিছু আছে, সব ত্যাগ করিয়া আমার অমুসরণ কর।" "যে কোন ব্যক্তি নিজের জীবনরকার मित्क मृष्टि ताथित्व, म উहा हात्राहेत्व, आंत्र य आंगात जन्म निष्ठित खीतन हात्राहेटत. (म উहा भाहेट्य।" कात्रण, य कान गांकि छाहाव জন্ম এই জীবন বিসর্জন করিবে, সে অমৃতত্ব লাভ করিবে। আমাদের मर्किविध पूर्विण्णां मर्था—मर्किविध कार्याक्नारित मर्था क्रिक्तिः জন্ম কথনও কথনও যেন একটু বিরাম আসিয়া উপস্থিত হয়, আব महोतानी व्यामात्मत्र कर्ल शिषिङ इहेट्ड थोटक,—"তোमान नोहो কিছু আছে সব ত্যাগ করিয়া দরিদ্রদিগকে উহা দান কব এবং আমার অমুসরণ কর।" তিনি ঐ এক আদর্শ প্রচার করিতেছেন— জগতের সকল শ্রেষ্ঠ ধর্মাচার্য্যগণও ঐ এক আদর্শ প্রচাব করিয়াছেন। তাহা এই - ত্যাগ। এই ত্যাগেব তাৎপর্ঘ্য কি? ত্যাগেব মশ্ম এই—নীতি-বিজ্ঞানে নিঃস্বার্থপরতাই একমাত্র আদর্শ। অহংশৃন্ত হও। পূর্ণ নিঃস্বার্থপরতা বা অহংশৃক্যতাই আমাদের একমাত্র আদর্শ। এই সম্পূর্ণ নিঃস্বার্থপরতার দৃষ্টান্ত এই ষে, ডান গালে **छ** मातिल ये। शांन फित्रारेश मिएंड स्टेरव—यमि क्ट छोमाव জামা কাড়িয়া লয়, তাহাকে তোমার চাপকানটিও খুলিয়া দিতে श्रुदि ।

আদর্শকে থাট না করিয়া যতদূর পারা যায়, উত্তমরূপে কাহ্য করিয়া যাইতে হইবে। আর সেই আদর্শ অবহা এই,—বে অবহায় মান্তবের অহংভাব কিছুমাত্র থাকে না, তাহার যথন কোন বস্তুতে

# ঈশদ্ত ঘীশুগ্ৰীষ্ট

অধিকার থাকে না তাহার যথন 'আমি' 'আমার' বলিবার কিছু থাকে না, সে যথন সম্পূর্ণরূপে আত্মবিসর্জ্জন করে, যেন নিজেকে মারিয়া ফেলে। আর এইরূপ অবস্থাপর ব্যক্তির ভিতর স্বয়ং ঈশ্বর বিরাজমান। কারণ তাহার ভিতর হইতে অহং-বাসনা একেবারে চলিরা গিয়াছে, নষ্ট হইয়াছে, একেবারে নির্দ্দ্রল হইয়া গিয়াছে। আমরা এখনও সেই আদর্শে প্রছিতে পাবিতেছি না, তথাপি আমাদিগকে ঐ আদর্শের উপাসনা করিতে হইবে এবং ধীরে ধীরে ঐ আদর্শে প্রছিবার জন্ম চেটা করিতে হইবে, যদিও উহাতে আমাদিগকে শ্বলিতপদে অগ্রসর হইতে হয়। কলাই হউক আর সহস্র বর্ষ পরেই হউক, ঐ আদর্শ অবস্থায় প্রছিতেই হইবে। কারণ, উহা শুধু আমাদের লক্ষ্য নহে, উহা উপায়ও বটে। নিংমার্থপরতা, সম্পূর্ণভাবে অহংশ্ক্সতাই সাক্ষাৎ মৃক্তিত্বরূপ; কারণ, অহং ত্যাগ হইলে ভিতরের মান্তম মরিয়া যায়, একমাত্র ঈশ্বরই অবশিষ্ট থাকেন।

আন এক কথা। দেখিতে পাওয়া যায় মানবজাতির সকল
ধর্মাচার্য্যগণই সম্পূর্ণরূপে স্বার্থশৃন্ত। মনে করুন, নাজারেধবাদী
যাত উপদেশ দিতেছেন; কোন ব্যক্তি আদিয়া তাঁহাকে বলিল—
"আপনি যাহা উপদেশ করিতেছেন, তাহা অতি স্থল্পর: আমি
বিশ্বাস করি, ইহাই পূর্ণতালাভের উপায়, আর আমি উহার
অনুসরণ করিতে প্রস্তুত। কিন্তু আমি আপনাকে ঈশ্বরের একমার
উৎপন্ন পুত্র বলিগা উপাসনা করিতে পারিব না"—তাহা হইলে সেই
নাজারেধবাদী যাত কি উত্তর দিবেন, মনে করেন? তিনি
নিশ্চিত উত্তর দিবেন,—"বেশ ভাই, তুমি আদর্শের অনুসরণ কর
এবং নিজের ভাবে উহার দিকে অগ্রসর হও। তুমি ঐ উপদেশের

# ঈশদূত যী শুগ্রীষ্ট

জন্য আমাকে প্রাশংসা কর না কর, তাহাতে আমার কিছু আসিরা यांत्र ना । व्यामि ७ (माकानमात्र निर्—व्यामि धर्म नहेत्रा वावमा করিতেছি না। আমি কেবল সত্য শিক্ষা দিয়া থাকি, আর সত্য কোন ব্যক্তিবিশেষের সম্পত্তি নহে! সত্যকে একচেটিয়া করিবার কাহারও অধিকার নাই। সত্য স্বয়ং ঈশ্বরম্বরূপ। তুমি নিজ পথে অগ্রসর হইরা চল।" কিন্তু শিষ্যের। একণে কি বলেন?—তাঁহারা বলেন—"তোমরা তাঁহার উপদেশের অমুসরণ কর না কর উপদেষ্টাকে যথাযথ সম্মান দিতেছ কি না? যদি উপদেষ্টার—আচার্য্যের সম্মান কর, তবেই তুমি উদ্ধার হইবে; নতুবা তোমার মৃক্তি নাই।" এইরপে এই আচার্যাবরের সমুদয় উপদেশই বিগ্ড়াইয়া গিয়াছে। এथन मैं । इंशिट्स क्विं क्विं क्विं क्विं । তাহারা জানে না যে, এইরূপে উপদেশের অনুসরণ ছাড়িয়া দিয়া, উপদেষ্টার নাম লইয়া টানাটানি করাতে তাহারা যে ব্যক্তিকে সম্মান করিতে চাহিতেছে. একভাবে তাঁহাকেই অপমান করিতেছে — এরপে তাঁহার উপদেশ ভুলিয়া তাঁহাকে সম্মান করিতে গেলে তিনি নিজেই লজ্জার মহা সম্কৃতিত হইতেন। জগতের কোন ব্যক্তি তাঁহাকে মনে রাখিল না রাখিল, ইহাতে তাঁহার কি আসিয়া যায় ? তাঁহার জগতের নিকট একটি বার্হা—একটি স্থসমাচার বহন করিবার ছিল—তিনি তাহা বহন করিয়াই নিশ্চিম্ভ। বিশ সহস্র জীবন পাইলেও তিনি তাহা জগতের দরিদ্রতম ব্যক্তির জন্ম প্রদানে প্রস্তুত ছিলেন। যদি লক্ষ লক্ষ ঘুণিত সামারিয়াবাসীর জন্ম লক্ষ লক্ষ বার তাঁহাকে যম্রণা সহা করিতে হইত, এবং তাহাদের প্রত্যেকের জন্ম তাঁহার নিজ জীবনবলিই যদি তাহাদের মুক্তির

#### ঈশদূত ধী শুগ্ৰীষ্ট

একমাত্র উপার হইত, তবে তিনি অনায়াসে তাঁহার জীবন বলি দিতেই প্রস্তুত থাকিতেন। এ সকলই তিনি করিতেন—ইহাতে এक वाक्तित निक्छे उँ छो इति निक्र नाम क्यानाईवात हैका इहै जा। স্বয়ং প্রভু ভগবান যেভাবে কার্যা করেন, তিনিও সেইভাবে ধীর স্থির নীরব অজ্ঞাতভাবে কার্যা করিয়া যাইতেন। তাঁহার শিষোরা क्षा कि वालन?—छोशं वालन,—छोमवा मण्पूर्व निःश्वार्थ ও সর্বদোষবজ্জিত হইতে পান, কিন্তু তোমরা যদি আনাদের व्यां गिर्क वां भारत महाश्रुक्यक याथां नेयुक मन्त्रांन ना नां व. ভাহা হইলে উহাতে কোন ফল নাই। কেন? এই কদংস্কাৰ— <u>६</u>हे सामन एर्लिख काला इहेट्ड? यह सामन धकमां कांन्र ্রই যে, যীশুখ্রীষ্টের শিধাগণ ননে করেন,—ভগবান একবার মাত্রই আবিভূত হইতে সমর্গ। ঈশ্বব তোমাব নিকট মানবৰূপে আবিভূত হইয়াছিলেন। কিন্তু সমগ্র প্রকৃতিতে যাহা একবার ঘটিয়াছে, তাহা নিশ্চিত অতীতকালে বহুবাব সংঘটিত হইয়াছে এবং ভবিষ্যতেও নিশ্চিত ঘটিবে। প্রকৃতিতে এমন কিছু নাই, যাহা নিয়মাগীন नहः आव निष्याधीन इ अवात वर्ष এই ए, गांश এकवात परिवाद চিরদিনই ঘটিয়া আসিয়াছে এবং ভবিষ্যতেও ঘটিতে থাকিবে।

ভারতেও এই অবভারবাদ বভিরাছে। ভারতীয় অবভারশ্রেষ্ঠ-গণের অক্তম, ভগবান শ্রীকৃষ্ণ (বাঁচাব ভগবদগীতারূপ অপূর্ব্য উপদেশ-মালা আপনারা অনেকে পাঠ করিয়া থাকিবেন) বলিতেছেন—

> অজোহপি সর্বায়াঝা ভূতানামীশরোহপি সন্। প্রকৃতিং স্বাম্থিষ্ঠার সম্ভবাম্যাঝ্যাঝা

# ঈশদূত ধী শুগ্রীষ্ট

যদা যদা হি ধর্মশু মানির্ভবতি ভারত।
অভ্যুথানমধর্মশু তদাআনং স্কাম্যহম্॥
পরিত্রাণায় সাধ্নাং বিনাশায় চ ছন্ধতাম্।
ধর্মসংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে॥—গীতা, ৪, ৬—৮

অর্থাৎ, যদিও আমি জন্মগ্রহিত, অক্ষয়স্থভাব এবং ভূতসমূহের ঈশ্বর, তণাপি আমি নিজ প্রকৃতিতে অনিষ্ঠান কবিয়া, নিজ মায়ায় জন্মগ্রহণ করি। হে অর্জুন, যথনই যথনই ধর্মেব মানি ও অধর্মের অভাত্থান হয়, তথনই তথনই আমি আপনাকে সৃষ্টি করিয়া থাকি। সাধুগণেব পরিত্রাণের জন্ত, ত্মতকারীদেব বিনাশেব জন্ত এবং ধর্মসংস্থাপনেব জন্ত আমি যুগে যুগে জন্মগ্রহণ কবি।

যথনই জগতের অবনতিদশা সংঘটিত হয়, তথনই ভগবান্ উহাকে সাহায্য করিবার জম্ম আসিয়া থাকেন। এইরূপে তিনি বিভিন্ন স্থানে বিভিন্ন যুগে আবিভূতি হইয়া থাকেন। আর এক স্থানে তিনি এই ভাবের কথা বলিরাছেন—যথনই দেখিবে, কোন মহাশক্তিসম্পন্ন পবিত্রস্বভাব মহাত্মা মানবজাতির উন্নতির জম্ম প্রাণপণে চেষ্টা করিতেছেন, জানিও, তিনি আমাবই তেজঃসভ্তুত, আমি তাহার মধ্য দিয়া কাণ্য করিতেছি।\*

অত এব আম্বন, আমর। শুধু নাজারেথবাসী যীশুর ভিতর ভগবান্কে দর্শন না করিয়া তাঁহার পূর্কে যে সকল মহাপুরুষ হইয়া গিয়াছেন, তাঁহার পরে যাঁহারা আসিয়াছেন এবং ভবিষ্যতেও যাহাবা আসিবেন, সেই সকলেরই ভিতর ঈশ্বর দর্শন করি।

<sup>\*</sup> বন্ধ বিজ্ ডিমৰ সন্ধং শ্ৰীমদূর্জিভামের বা ভত্তবেবারসক্ত বং মম ভেলোইংশগতবন্। গীড়া, ১০, ৪১

#### नेमम् उ यो खडीहे

আমাদের উপাদনা বেন সীমাবদ্ধ না হয়। সকলেই সেই এক অনস্ত ঈশ্ববেবই বিভিন্ন অভিব্যক্তিমাত্র। তাঁহাবা সকলেই পবিত্রাদ্ধা ও দার্থগন্ধহীন। তাঁহারা সকলেই এই হর্বল মানবজাতির জন্ম প্রাণপণে চেষ্টা করিয়াছেন এবং জীবন দিয়া গিয়াছেন। তাঁহারা সকলেই আমাদের সকলেব জন্ম, এমন কি, ভবিষ্যংশীয়গণেব জন্ম পর্যন্ত সকলেব পাপ গ্রহণ কবিয়া নিজেরা প্রায়শ্চিত্র কবিয়া গিয়াছেন।

এক হিসাবে, আপনাবা সকলেই অবতার—সকলেই নিজ নিজ স্বন্ধে জগতেব ভাব বহন করিতেছেন। আপনাবা কি কখনও এমন नत्रनानौ দেशियाष्ट्रन, याशक भाखाणात ও সঞ্জিতাব সহিত নিজ ছীবনভাব বহন কবিতে না হয় ? বড বড় অবতাবগণ অবশ্য আমাদেন তুননায় অনেক নড় ছিলেন—স্থতবাং তাঁহারা তাঁহাদেন ক্ষমে প্রকাণ্ড জগতের ভার গ্রহণ কবিষাছিলেন। ভাঁহানেব তুলনায় আমনা অতি কুদ্ৰ, সন্দেহ নাই; কিন্তু আমরাও সেই একট কর্ম কবিতেছি—আমাদেব ক্ষুদ্র বুত্তেব মধ্যে, আমাদের ক্ষুদ্র গৃহে আমরা আমাদের স্থতঃথবাজি বহন করিয়া চলিয়াছি। এমন মন্দপ্রকৃতি, এমন অপদার্থ কেহ নাই, যাহাকে নিজ নিজ ভাব কিছু না কিছু বহন করিতে হয়। আমাদের ভুল ভাস্তি যতই থাকুক, আমাদের মন্দ চিন্তা ও মন্দ কর্ম্মের পরিমাণ যতই হউক, আমাদের চরিত্রের কোন না কোনখানে এমন এক উজ্জল অংশ আছে, কোন না কোনখানে এমন এক স্থবর্ণসূত্র আছে, যদারা আমবা সর্বাদা সেই জগবানের সহিত সংযুক্ত। কারণ, নিশ্চিত জানিবেন, যে মুহুর্ত্তে ভগবানের महिल व्यामाप्तत्र এই मध्यांग नष्ठे इहेर्द स्मेहे मुद्दुर्खहे व्यामाप्तत्र বিনাশ অবশ্রম্ভাবী। আর যেহেতু কাহারও কথনও সম্পূর্ণ বিনাশ

#### ঈশদূত বীশুৰীষ্ট

হইতে পারে না, সেইহেতু আমরা যতই হীন ও অবনত হই না কেন, আমাদের অস্তরের অস্তরতম স্থানের কোন না কোন গুপ্ত প্রদেশে এমন একটি ক্দ জ্যোতির্মন্ন বৃত্ত রহিরাছে, যাহার সহিত ভগবানেব নিতা যোগ রহিন্নাছে।

বিভিন্নদেশীর, বিভিন্নজাতীয় ও বিভিন্নমতাবলথী যে সকল অবতারগণের জীবন ও শিক্ষা আমর। উত্তবাধিকারদ্র পাইয়াছি, তাঁহাদিগকে প্রণাম: বিভিন্নজাতীয় যে সকল দেবতুলা নরনারী মানবজাতির কল্যাণের জন্য প্রাণপণে চেষ্টা করিতেছেন, তাঁহাদিগকে প্রণাম। জীবস্ত ঈশ্বরম্বরূপ যাহাবা আমাদের ভবিষ্যভংশীয়গণেশ কল্যাণের জন্ম নিংমার্থভাবে কাষ্য করিতে ভবিষ্যতে অবতীর্ণ হইবেন, তাঁহাদিগকে প্রণাম।

